দৈনিক ইত্তেফাক

তারিখ ... 29 OCT 1995 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

96

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে

**আনোয়ার আলদীন ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনার্স প্রথম বর্ষে পূর্বের নিয়মেই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। তবে প্রকৃত মেধা যাচাইয়ের লক্ষ্যে পরীক্ষা পদ্ধতি অধুনিকীকরণ করা

(১৫শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে

(১ম পৃঃ পর)

হইবে। প্রশ্নের ধরণ কি হইবে উহা সম্পর্কে লিখিত মতামত জানাইবার জন্য প্রতিটি বিভাগীয় একাডেমিক কমিটিকে নির্দেশ দেওয়া হইয়াছে। গতকাল শনিবার অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলে এই বিষয়ে আলোচনা হয়। জানা গিয়াছে, রচনামূলক প্রশ্নের পাশাপাশি এইবার নৈর্ব্যক্তিক প্রশ্নের উপর জোর দেওয়া হইবে। ভর্তি পরীক্ষায় ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের চাপ কমাইবার জন্য এসএসসি এবং এইচএসসিতে প্রাপ্ত নির্দিষ্ট নম্বর বাঁধিয়া দেওয়া হইবে। এই ক্ষেত্রে ভর্তির জন্য নির্ধারিত আসনের ৩ অথবা ৪ গুণ ছাত্র-ছাত্রীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হইতে পারে। শিক্ষকদের মতামত যাচাই করিয়া অচিরেই প্রশ্ন-পদ্ধতি সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হইবে। তবে বাণিজ্য ও বিজ্ঞান অনুষদের প্রশ্ন-পদ্ধতি অবজেকটিভ করার ব্যাপারে গতকাল সিদ্ধান্ত হইয়াছে। কোচিং সেন্টারের ব্যবসায়িক বিকৃতি বন্ধের জন্য ভর্তি পরীক্ষার প্রশ্ন-পদ্ধতি ও ধরন প্রতি বছর পরিবর্তনের পক্ষে শিক্ষকরা মতামত ব্যক্ত করিয়াছেন বলিয়া জানা গিয়াছে।

আগামী জানুয়ারী মাসে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইতে পারে।